

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক দেশে প্রথম বারের মত উদযাপিত হচ্ছে

## বিশ্ব আরবি ভাষা দিবস

মহান বিজয়ের মাসের ১৮ তারিখ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় দেশে প্রথম বারের মত উদযাপন করতে যাচ্ছে বিশ্ব আরবি ভাষা দিবস। দিবসের শ্লোগান হচ্ছে, “বাংলা শিখি আরবি শিখি দেশ গড়ায় ভূমিকা রাখি।” দিবসটি উপলক্ষে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দেশব্যাপী ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছেন। কর্মসূচির মধ্যে রয়েছে আলোচনা সভা, সেমিনার, রচনা প্রতিযোগিতা, ও পুরস্কার বিতরণ। তৈরী করা হয়েছে রং বেরঙ্গের পোস্টার ফেস্টুন ও প্রেকার্ড। এগুলোর মধ্যে রয়েছে- আরবি কুরআন হাদিসে ভাষা, আরবি সর্বাধিক প্রাচীন অবিকৃত ভাষা, আরবি শ্রমবাজারে গুরুত্বপূর্ণ ভাষা এবং আরবি জাতিসংঘের অন্যতম দাপ্তরিক ভাষা।

মহান বিজয় দিবস এবং আগামী বছর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকীর সাথে সামঞ্জস্য রেখে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ইতোমধ্যে বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে বিভিন্ন সভা ও সেমিনার। সভা সেমিনারে বঙ্গারা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ইসলামের অবদান উল্লেখ করে বলেন, “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশ স্বাধীন হওয়ার পূর্বে এবং পরে ইসলাম প্রচারের জন্য ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছেন। তার মধ্যে রয়েছে ইসলামিক ফাউন্ডেশন প্রতিষ্ঠা, পবিত্র হজ্জ পালনে অনুমতি দান, দেশের মসজিদ এবং মাদরাসায় অনুদানসহ অন্যান্য ইসলামিক কর্মকাণ্ডে সহায়তা প্রদান। তাঁর ধারাবাহিকতা রক্ষায় এবং দেশের আলেম সমাজের দীর্ঘ দিনের দাবি পূরণে বর্তমান সরকারের প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা ইসলামকে আরো প্রসারিত করার লক্ষ্যে প্রতিষ্ঠা করেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।”

বঙ্গারা আরো বলেন ইসলামকে বিজ্ঞানময় এবং আরবি ভাষাকে জাতীয় জীবনে প্রসারিত করার লক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা ইসলাম প্রচারে অনস্বীকার্য হয়ে থাকবে।

বিশ্ব আরবি ভাষা দিবস উপলক্ষে রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ক, খ, গ বিভাগে প্রতিযোগীদের মধ্যে প্রথম পুরস্কার এক লাখ টাকা, দ্বিতীয় পুরস্কার পঞ্চাশ হাজার টাকা এবং তৃতীয় পুরস্কার পঁচিশ হাজার টাকা নির্ধারণ করা হয়েছে। রচনা প্রতিযোগিতায় সারাদেশে মোট ৩৬৫ জন প্রতিযোগী অংশগ্রহণ করেন। তাদের মধ্যে ক-বিভাগে প্রথম হয়েছে কুমিল্লা জেলার বুড়িচং উপজেলার কোরপাই কাকিয়ারচর ইসলামি ফাজিল মাদরাসার ফাজিল (পাস) দ্বিতীয় বর্ষের ছাত্র তাওহিদুল ইসলাম। দ্বিতীয় হয়েছেন নওগাঁ জেলার মহাদেবপুর উপজেলার লক্ষ্মীপুর খায়রুল উলুম ফাজিল মাদরাসার ফাজিল (পাস) দ্বিতীয় বর্ষের ছাত্র মোঃ আবু ইউসুফ আলী এবং যৌথভাবে তৃতীয় হয়েছেন ঢাকা জেলার ডেমরা থানার তামিরুল মিল্লাত মহিলা কামিল মাদরাসার ফাজিল (পাস) প্রথম বর্ষের ছাত্রী রোকসানা বিনতে রফিক এবং রংপুর জেলার কোতয়ালী থানার ধাপ সাতগাড়া বায়তুল মোকাররম মডেল কামিল মাদরাসার ফাজিল (পাস) দ্বিতীয় বর্ষের ছাত্রী আফিফা নুরী।

খ-বিভাগে প্রথম হয়েছে কক্সবাজার জেলার মহেশখালী উপজেলার ইসলামিয়া মহিলা কামিল মাদরাসার ফাজিল (অনার্স) প্রথম বর্ষের ছাত্রী আফরোজা তাবাচ্ছুম। দ্বিতীয় হয়েছেন ঢাকা জেলার মোহাম্মদপুর থানার কাদেেরিয়া তৈয়েবিয়া আলিয়া কামিল মাদরাসার ফাজিল (অনার্স) তৃতীয় বর্ষের ছাত্র মোঃ আরিফুল ইসলাম এবং তৃতীয় হয়েছেন চট্টগ্রাম জেলার শোহাগাড়া উপজেলার চুনতি হাকিমিয়া কামিল মাদরাসার ফাজিল (অনার্স) দ্বিতীয় বর্ষের ছাত্র মোহাম্মদ মুহসিন।

গ-বিভাগে প্রথম হয়েছে সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলার জামেয়া রাহমানিয়া তায়ীদুল ইসলাম ফতেহপুর কামিল মাদরাসার কামিল প্রথম বর্ষের ছাত্র মোহাম্মদ মুশফিকুর রহমান মাশুক। দ্বিতীয় হয়েছেন লক্ষ্মীপুর জেলার সদর উপজেলার টুমচর ইসলামিয়া কামিল মাদরাসার কামিল প্রথম বর্ষের ছাত্র খায়রুল ইসলাম এবং তৃতীয় হয়েছেন কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলার ধাপ সাতগাড়া বায়তুল মোকাররম মডেল মাদরাসার কামিল প্রথম বর্ষের ছাত্রী হাবিবা জাহান।

আগামী ১৮ ডিসেম্বর, দুপুর ২টায়, বিশ্ব আরবি ভাষা দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয় কর্তৃক ঢাকার ওসমানী স্মৃতি মিলনায়তনে এক আলোচনা সভা ও বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করেছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন শিক্ষা মন্ত্রী ডাঃ দিপু মনি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিব মোঃ সোহরাব হোসাইন, এবং কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের সচিব মুনশী শাহাবুদ্দীন আহমেদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ। অনুষ্ঠানে উপস্থিত থাকবেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল মাদরাসার অধ্যক্ষ ও রচনা প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীগণ।